

আল-গুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৩৫৫

৫/ مساجد و مواقف الصلاة (كتاب المساجد و مواضع الصلاة) সালাতের স্থানসমূহের বর্ণনা

পরিচ্ছেদঃ ৫/৩১. পাঁচ ওয়াক্ত সালাতের সময়।

ଆରବୀ

حَدِيثُ أَبِي مَسْعُودِ الْأَنْصَارِيِّ عَنْ أَبْنِ شَهَابٍ أَنَّ عُمَرَ بْنَ عَبْدِ الْعَزِيزِ أَخَرَ الصَّلَاةَ يَوْمًا فَدَخَلَ عَلَيْهِ عُرْوَةُ بْنُ الْزَّيْرِ فَأَخْبَرَهُ أَنَّ الْمُغِيرَةَ بْنَ شُعْبَةَ أَخَرَ الصَّلَاةَ يَوْمًا وَهُوَ بِالْعِرَاقِ فَدَخَلَ عَلَيْهِ أَبُو مَسْعُودِ الْأَنْصَارِيُّ فَقَالَ مَا هَذَا يَا مُغِيرَةَ أَلَيْسَ قَدْ عَلِمْتَ أَنَّ جِبْرِيلَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَزَّلَ فَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ صَلَّى فَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ صَلَّى فَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ صَلَّى فَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ قَالَ بِهَذَا أُمِرْتُ فَقَالَ عُمَرُ لِعُرْوَةَ اعْلَمُ مَا تُحَدِّثُ بِهِ أَوْ أَنَّ جِبْرِيلَ هُوَ أَقَامَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقْتَ الصَّلَاةِ قَالَ عُرْوَةُ كَذَلِكَ كَانَ بَشِيرُ بْنُ أَبِي مَسْعُودٍ يُحَدِّثُ عَنْ أَبِيهِ

বাংলা

৩৫৫. ইবনু শিহাব (রহ.) হতে বর্ণিত, 'উমার ইবনু 'আবদুল 'আয়ীয় (রহ.) একদা কোনো এক সালাত আদায়ে বিলম্ব করলেন। তখন 'উরওয়াহ ইবনু যুবাইর তাঁর নিকট গেলেন এবং তাঁর নিকট বর্ণনা করলেন যে, ইরাকে অবস্থানকালে মুগীরাহ ইবনু শু'বা (রায়ি.) একদা এক সালাত আদায়ে বিলম্ব করেছিলেন। ফলে আবু মাস'উদ আনসারী (রায়ি.) তাঁর নিকট গিয়ে বললেন, হে মুগীরাহ! এ কী? তুমি কি অবগত নও যে, জিবরীল (আ.) অবতরণ করে সালাত আদায় করলেন, আর আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-ও সালাত আদায় করলেন। আবার তিনি সালাত আদায় করলেন। আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-ও সালাত আদায় করলেন।

পুনরায় তিনি সালাত আদায় করলেন এবং আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-ও সালাত আদায় করলেন। আবার তিনি সালাত আদায় করলেন এবং আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-ও সালাত

আদায় করলেন। পুনরায় তিনি সালাত আদায় করলেন এবং আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-ও সালাত আদায় করলেন। অতঃপর জিবরীল (আ.) বললেন, আমি এজন্য আদিষ্ট হয়েছি। 'উমার (ইবনু 'আবদুল আয়ীয়) (রহ.) 'উরওয়াহ (রহ.)-কে বললেন, "তুমি যা রিওয়ায়াত করছ তা একটু ভেবে দেখ। জিবরীল কি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য সালাতের ওয়াক্ত নির্ধারণ করে দিয়েছিলেন?" 'উরওয়াহ (রহ.) বললেন, বাশীর ইবনু আবু মাস'উদ (রহ.) তার পিতা হতে এরূপই বর্ণনা করতেন।

ফুটনোট

সহীল বুখারী, পর্ব ৯; সালাতের সময়সমূহ, অধ্যায় ১, হাঃ ৫২১; মুসলিম, পর্ব ৫; মসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা, অধ্যায় ৩১, হাঃ ৬১০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয়-যুহরী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=33731>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন